

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৫৪

२. यन गलाता সूि छे छे अति भयाला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি যিকিরকারীদের সাথে বসে, মহান আল্লাহ তাকে তাদের সাথে বসার কারণে সৌভাগ্যবান করেন

ذَكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ جَالَسَ الذَّاكِرِينَ اللَّهَ يسعده بمجالسته إياهم

আরবী

 $858 = \frac{1}{1} = \frac{1}{1}$

الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 854 | خلاصة حكم المحدث: صحيح.



৮৫৪. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মানুষের আমল লিপিবদ্ধকারী ফেরেস্তা ছাড়াও আরো অতিরিক্ত ফেরেস্তা রয়েছেন, যারা রাস্তায় হেঁটে হেঁটে যিকিরকারীদের খোঁজে। যখন তাঁরা এমন সম্প্রদায়কে পায়, যারা আল্লাহর যিকির করছে, তখন পরস্পরকে ডাক দিয়ে বলেন, "তোমরা তোমাদের উদ্দেশ্যের দিকে এসো। (অর্থাৎ তোমরা যে যিকরকারীদের তালাশ করছো, তারা এখানে) অতঃপর তাঁরা তাঁদের পাখা দিয়ে আসমান পর্যন্ত পরিবেষ্টন করেন অতঃপর তাঁদের প্রতিপালক তাঁদেরকে জিজ্ঞেস করেন অথচ তিনি তাদের সম্পর্কে সমধিক জ্ঞাত, তিনি বলেন, "আমার বান্দাগণ কী বলছে?" ফেরেস্তাগণ বলবেন, "তারা আপনার বড়ত্ব প্রকাশ করছে, তারা আপনার মহিমা প্রকাশ করছে, তারা আপনার পরিত্রতা ঘোষনা করছে ও আপনার প্রশংসা করছে।

মহান আল্লাহ বলবেন, "তারা কি আমাকে দেখছে?" তাঁরা জবাবে বলবেন, "জ্বী, না।" তিনি বলবেন, "তাদের অবস্থা কেমন হতো, যদি তারা আমাকে দেখতো?" জবাবে তারা বলবেন, "যদি তারা আপনাকে দেখতো, তবে তারা আপনার আরোও বেশি ইবাদত করতো, আরো বেশি পবিত্রতা ঘোষনা করতো, আপনার মহিমা প্রকাশ করতো, এবং আরো বেশি আপনার প্রশংসা করতো।" তিনি বলবেন, "তারা কী চায়?" জবাবে তারা বলবেন, "তারা আপনার কাছে জারাত চায়।" তিনি বলবেন, "তারা কি জারাত দেখেছে?" তাঁরা বলবেন, "না, আল্লাহর কসম! হে প্রতিপালক।" তিনি বলবেন, "তাদের অবস্থা কেমন হতো, যদি তারা তা দেখতো?" জবাবে তাঁরা বলবেন, "যদি তারা তা দেখতো, তবে তাদের সেটা চাওয়া ও পাওয়ার লালসা আরো প্রকট হতো।" তিনি বলবেন, "তারা কী থেকে আশ্রয় চাচ্ছে?" তাঁরা জবাবে বলবেন, "তারা আপনার কাছে জাহারাম থেকে আশ্রয় চাচছে।" তিনি বলবেন, তারা কি জাহারাম দেখেছে?" তাঁরা বলবেন, "না, আল্লাহর কসম! হে প্রতিপালক।" তিনি বলবেন, "তাদের অবস্থা কেমন হতো, যদি তারা তা দেখতো?" জবাবে তারা বলবেন, "যদি তারা তা দেখতো, তবে তারা তা থেকে প্রবলভাবে পলায়ন করতো, এবং তাকে প্রবলভাবে ভয় পেয়ে বসত।" তখন আল্লাহ ফেরেস্তাদের বলবেন, "আমি তোমাদের সাক্ষী রেখে বলছি, আমি তাদেরকে ক্ষমা করে দিলাম! রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তখন ফেরেস্তাদের মধ্য হতে একজন ফেরেস্তা বলবেন, নিশ্চয়ই তাদের মাঝে ওমুক ব্যক্তি আছে, যে তাদের কেনি সঙ্গী হতভাগ্য হবে না।"[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী: ৬৪০৮; মুসনাদ আহমাদ: ২/২৫১; সহীহ মুসলিম: ২৬৮৯; তিরমিযী: ৩৬০০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আত তিরমিযী: ৩৮৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 89357$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন